

Canopy কি করে?

আমরা স্থানীয় পরিবেশের উন্নতিসাধন করতে লীডসের (Leeds) পরিত্যক্ত বাসাগুলিকে নবরূপ দিই।

আমরা জনগনকে স্বেচ্ছাসেবক হিসাবে পরিত্যক্ত বাসাগুলিকে রঙ ও সজ্জিত করতে সাহায্য করতে এবং দক্ষতা অর্জন করতে, মানুষের সাথে মিলিত হতে এবং একটি টিমের অংশ হওয়ার সুযোগ দিই।

যে পরিবার বা একা মানুষের বাস করার কোন স্থান নেই বা যাদের হোমলেস (গৃহহীন) হওয়ার ঝুঁকি আছে আমরা তাদের জন্য পুনরায় নতুনের মত করে তোলা ব্যয়সাধ্য বাসার সৃষ্টি করি।

Canopy আপনার জন্য অভ্যর্থনা রিসোর্স এলাকায় অবস্থিত যেখানে রান্নাঘর, কম্পিউটার, ফোন ও টেবিল ফুটবল আছে, এবং যা আপনি দিনের বেলায় ব্যবহার করতে পারবেন।

Canopy কিভাবে কাজ করে?

প্রথমত Canopy এমন বাসাগুলিকে খুঁজে নেয় যেগুলি খালি, যার টিনের শাটার টানা আছে, এবং রাস্তার মানুষের জন্য যেগুলি উপদ্রবের কারণ হয়ে উঠেছে। আমরা তারপর বাড়ির মালিকের সাহায্যে এই বাসাটি অধিগ্রহণ করার ব্যবস্থা করি এবং আমরা বিদ্যুত মিস্ত্রি, কলের মিস্ত্রি ও ছাদ তৈরীর মিস্ত্রির ব্যবস্থা করে সকল মুখ্য কাজগুলি শেষ করি।

Canopy-র কর্মী, স্বেচ্ছাসেবক এবং ভাড়াটিয়ারা এবার যন্ত্রপাতি নিয়ে বাসাটির ভিতরে যান এবং প্লাস্টার করেন, টাইল লাগান, ওয়ালপেপার লাগান ও রঙ করেন। যে ব্যক্তি বা পরিবার এই বাসায় ভবিষ্যতে বাস করবেন, তারা বাসাটিকে নবরূপ দিতে স্বেচ্ছাসেবক টিমের অংশ হিসাবে কাজ করবেন এবং বাসাটিতে কি কি রঙ করা হবে তার পছন্দ করবেন।

আমরা ইতিমধ্যেই 1998 থেকে লীডসের (Leeds) দুটি এলাকায় [হাইড পার্ক (Hyde Park) ও বিস্টন-এ (Beeston)] কাজ করেছি ও শীঘ্রই হেয়ারহিলসে (Harehills) একটি প্রকল্প শুরু করব।

Canopy-র জন্য কারা স্বেচ্ছাসেবক হন?

স্থানীয় মানুষ, অল্পবয়সী মানুষ, অধিক বয়স্ক মানুষ, নারী ও পুরুষ এবং বিভিন্ন জাতীয়তার মানুষ Canopy-র সাথে স্বেচ্ছাসেবক হিসাবে কাজ করেন। আমরা সকলে পরস্পরের থেকে বিভিন্ন রকম দক্ষতা অর্জন করি যার মধ্যে রয়েছে সজ্জিত করা ও বাসা তৈরী করা এবং কিভাবে বিভিন্ন ভাষায় কথা বলা যায়। আমাদের একটি ফুটবল টিম আছে; আমরা কোন কোন দিনে বেড়াতে যাই, টেবিল ফুটবল খেলি এবং আরো অনেক কিছু করি। <http://www.canopyhousingproject.org/gallery.html> তে ফিল্মটি ও আমাদের কিছু ছবি দেখুন।

মানুষ স্বেচ্ছাসেবক কেন হন?

আমাদের অনেক স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ পাঠ্যক্রমে যান বা শেষে কোন কাজ পান, কেউ কেউ শুধু এক বন্ধুভাবাপন্ন টিমের অংশ হওয়ার অভিজ্ঞতাকে উপভোগ করেন, যেখানে সকলকে স্বাগত জানানো হয় এবং অন্য মানুষদের সাহায্য করতে ও স্থানীয় বাসাগুলিকে আবার নতুনের মত করে তুলতে কাজ করতে পারেন। আপনার প্রয়োজন হলে Canopy দোভাষীর ব্যবস্থা করতে পারে। অন্য স্বেচ্ছাসেবকদের সাথে নির্মাণস্থলে একসঙ্গে কাজ করা ক্লাসরুমের বাইরে ইংরেজী শেখা ও অভ্যাস করার এক বড় সুযোগ।

আপনি কি জড়িত হতে পারবেন?

আপনি স্বেচ্ছাসেবক হয়ে পরিত্যক্ত বাসাগুলিকে নবরূপ দিতে আগ্রহী হতে পারেন বা আপনি এমন কাউকে জানতে পারেন যারা এবিষয়ে আগ্রহী হতে পারেন। আপনি কোন দক্ষতা অর্জন করতে পারেন, কাজ খুঁজতে

সাহায্য পেতে পারেন, বা শুধু অন্য মানুষের সাথে মিলিত হতে পারেন, 2946868 নম্বরে আমাদের ফোন করুন।

আপনার কি বাসার প্রয়োজন? যদি আপনি হোমলেস (গৃহহীন) হন এবং এক স্বেচ্ছাসেবক টিমের সাহায্যে আপনার নতুন বাসা সজ্জিত করতে চান, তাহলে Canopy-কে ফোন করে জেনে নিন কোনো বাসা পাওয়া যাচ্ছে কি না।

যদি আপনি একজন স্বেচ্ছাসেবক বা ভাড়টিয়া হতে চান অনুগ্রহ করে **Canopy-কে 0113 2946868** নম্বরে ফোন করবেন।